**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 14-12-2025** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ রাষ্ট্রপতি বলেছেন শক্তি সংরক্ষণকে এখন আর বিকল্প হিসেবে নয় , বর্তমান সময়ের চাহিদা হিসেবে বিবেচনা করতে হবে। তিনি আজ নতুন দিল্লির বিজ্ঞান ভবনে এবছরের জাতীয় শক্তি সংরক্ষণ পুরস্কার, প্রাপকদের হাতে তুলে দিয়েছেন।

২/ প্রধানমন্ত্রী আগামীকাল তিন দেশ সফরের প্রথম পর্যায়ে, জর্ডন যাচ্ছেন।

৩/ ভোটার তালিকায় নিবিড় সংশোধন কর্মসূচী নিয়ে কংগ্রেস বিভ্রান্তি ছড়াচ্ছে বলে বিজেপির অভিযোগ।

৪/ মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলার ঘটনার তদন্তে যুবভারতী ক্রীড়াঙ্গনে রাজ্য সরকারের কমিটির সদস্যরা। # রাজ্যপাল'ও স্টেডিয়ামে গেছেন।

৫/ ইন্দোনেশিয়ায় প্রবল বন্যায় অন্ততঃ এক হাজারের'ও বেশী মানুষের মৃত্যু হয়েছে। নিখোঁজ বহু।

৬/ অনূর্ধ -১৯ এশিয়া কাপ ক্রিকেটে ভারত, পাকিস্তানের মুখোমুখি।

ooooooooooooooooooooooooooo

জাতীয় শক্তি সংরক্ষণ দিবস আজ । শক্তি সংরক্ষণের গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং দক্ষভাবে বিদ্যুতের ব্যবহারের সাফল্য প্রচারের জন্য প্রতি বছর এই দিনটি পালন করা হয়। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু নতুনদিল্লিতে এ বছরের জাতীয় শক্তি সংরক্ষণ পুরষ্কার এবং শক্তি সংরক্ষণের উপর জাতীয় চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের সংবর্ধিত করেন। রাষ্ট্রপতি বলেন শক্তি সংরক্ষণকে এখন আর বিকল্প হিসেবে নয় ,

বর্তমান সময়ের চাহিদা হিসেবে বিবেচনা করতে হবে। বিদ্যুতের প্রতিটি ইউনিট সংরক্ষণের মাধ্যমে প্রকৃতির প্রতি মানবজাতির দায়বদ্ধতা প্রতিফলিত হয় এবং ভবিষ্যত প্রজন্মের প্রতি সংবেদনশীল আচরণ ও এর মাধ্যমে ফুটে ওঠে।

রাষ্ট্রপতি বলেছেন, ভারত জ্বালানী সংরক্ষণ এবং পরিবেশ বান্ধব জ্বালানী ব্যবহারের ক্ষেত্রে উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে। নির্ধারিত সময়সীমার আগেই দেশ পরিবেশ বান্ধব জ্বালানীর ক্ষেত্রে তার প্রতিশ্রুতি পূরণ করেছে। দক্ষ ভাবে জ্বালানীর ব্যবহারের ক্ষেত্রে এবং কার্বন নিঃসরণকে নিয়ন্ত্রণের ক্ষেত্রে এটি এক গুরুত্বপূর্ণ অর্জন।

(বাইট – রাষ্ট্রপতি)

ooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দুদিনের জর্ডন সফর আগামিকাল শুরু হচ্ছে। দুদেশের কূটনৈতিক সম্পর্কের ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে এই সফর। ভারতীয় কৃষিতে ফসফেটের ব্যবহার, দুদেশের সাংস্কৃতিক বন্ধন দৃঢ় করা সহ বহু ক্ষেত্রেই এই সফর উল্লেখযোগ্য অবদান রাখবে বলে মনে করা হচ্ছে। জর্ডানে ভারতের রাষ্ট্রদূত মনীশ চৌহান বলেছেন, এই সফর বাণিজ্য, খাদ্য সুরক্ষা ও দুদেশের বন্ধনে এক মাইলফলক।

(বাইট-মনীশ চৌহান)

ooooooooooooooooooooooooooo

দ্রুত, সহজলভ্য ও বন্ধুত্বপূর্ণ সালিশির কথা মাথায় রেখে জম্মু ও কাশ্মীরে গতকাল অনুষ্ঠিত হয়ে গেল এবছরের চতুর্থ তথা শেষ জাতীয় লোক আদালত। জম্মু ও কাশ্মীর এবং লাদাখ হাইকোর্টের প্রধান বিচারপতি বিচারক অরুণ পাল্লি ও জম্মু ও কাশ্মীরের আইনি পরিষেবা কর্তৃপক্ষের কার্যনির্বাহী চেয়ারম্যান বিচারপতি সঞ্জীব কুমারের পৌরোহিত্যে এই লোক আদালত অনুষ্ঠিত হয়।

সারা কেন্দ্রশাসিত অঞ্চল জুড়ে ১৮৬ টি বেঞ্চে প্রায় ১ লক্ষ ৫ হাজারেরও বেশি মামলার শুনানি হয়, যার মধ্যে ৯১ হাজার ৭ শো ৫০ টি মামলার সুষ্ঠু নিষ্পত্তি সম্ভব হয়।

ooooooooooooooooooooooooo

ভোটার তালিকায় বিশেষ নিবির সংশোধন কর্মসূচি নিয়ে কংগ্রেস বিভ্রান্তি তৈরি করছে বলে অভিযোগ করেছে বিজেপি। আজ নতুন দিল্লিতে বিজেপির মুখপাত্র সম্বিত পাত্র বলেন, কংগ্রেস দেশের সাংবিধানিক প্রতিষ্ঠানগুলিকে অপমান করছে। তিনি আরও বলেন, নির্বাচনী সংস্কার নিয়ে ইতিমধ্যেই সংসদে বিশদে আলোচনা হয়েছে। সেখানে প্রতিটি প্রশ্নের উত্তর দিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

(বাইট – সম্বিত পাত্র)

oooooooooooooooo

মধ্যপ্রদেশের চিতাদের নতুন আস্তানা হতে চলেছে বীরাঙ্গনা দূর্গাবতী টাইগার রিজার্ভ। রাজ্যের মুখ্যমন্ত্রী মোহন যাদব জানিয়েছেন, আগামী বছর বর্ষাকালের আগেই এই কাজ শেষ হবে। মধ্যপ্রদেশের সাগর জেলার নৌরাদেহীতে অবস্থিত এই ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্রটিকে চিতার নয়া আস্তানা হিসাবে গড়ে তুলতে ছাড়পত্র দিয়েছে রাজ্য মন্ত্রিসভা। এর আগে, মধ্যপ্রদেশের কুনো জাতীয় উদ্যান ও গান্ধী সাগর বন্যপ্রাণ সংরক্ষণ কেন্দ্রে আফ্রিকা থেকে চিতা এনে রাখা হয়েছিল।

প্রজেক্ট চিতা প্রকল্পের অধীনে বর্তমানে কুনো জাতীয় উদ্যানে ২৮টি ও গান্ধী সাগর বন্যপ্রাণ সংরক্ষণ কেন্দ্রে ২টি চিতা রয়েছে।

ooooooooooooooooooooooooo

যুবভারতী ক্রীড়াঙ্গনে আর্জেন্টিনার ফুটবল তারকা লিওনেল মেসির অনুষ্ঠানকে কেন্দ্র করে বিশৃংখলার ঘটনায় উত্তাল রাজ্য রাজনীতি। ঘটনার বিচার বিভাগীয় তদন্তের আবেদন জানিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোসকে চিঠি দিয়েছেন।

যুবভারতী ক্রীড়াঙ্গনে মেসিকে নিয়ে সৃষ্ট পরিস্থিতি অত্যন্ত দুর্ভাগ্যজনক এবং কলকাতার লজ্জা বলে আর এক বিরোধী দল সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন। এই ঘটনার জন্য তিনি সরকারের কর্তা ব্যক্তিদের দায়ী করেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সামাজিক মাধ্যমে এক পোস্টে এই ঘটনাকে ‘দুর্ভাগ্যজনক’ আখ্যা দিয়ে লিওনেল মেসি এবং সব ফুটবলপ্রেমীর কাছে ক্ষমা চেয়েছেন।

অন্যদিকে, যুবভারতী ক্রীড়াঙ্গনে বিশৃঙ্খলা সৃষ্টির ঘটনায় রাজ্য সরকার গঠিত তদন্ত কমিটি গতকালই বৈঠকে বসে। অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম কুমার রায়ের সভাপতিত্বে কালীঘাটের বাড়িতে এই বৈঠক হয়। উপস্থিত ছিলেন মুখ্যসচিব মনোজ পন্থ। আজ তদন্ত কমিটির সদস্যরা এখন ঘটনাস্থল পরিদর্শন করছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মেসির কলকাতা সফরকে কেন্দ্র করে বিশৃঙ্খলার ঘটনায় রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস পরিস্থিতি খতিয়ে দেখতে এখন স্টেডিয়ামে । সঙ্গে রয়েছেন মুখ্যসচিব মনোজ পন্থ। গত সন্ধ্যায় যুবভারতীর পরিস্থিতি খতিয়ে দেখতে গেলেও গেট বন্ধ থাকায় ভেতরে ঢুকতে পারেননি তিনি। এমনকি তিনি সেখানে পৌঁছতেই আলো নিভিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। কিছুক্ষণ অপেক্ষা করে সেখানে থেকে ফিরে যান ডক্টর বোস। সাংবাদিকদের তিনি বলেন, এভাবে সত্য আড়াল করা যাবে না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রবল বন্যা ও ভূমিধ্বসে ইন্দোনেশিয়ার সুমাত্রা দ্বীপে গত কয়েকদিনে ১ হাজারেরও বেশি মানুষ মারা গেছেন। ২ শো জন নিখোঁজ ও প্রায় ৫ হাজারেরও বেশি মানুষ আহত। এই বিপর্যয়ে ১ লক্ষেরও বেশি বাড়ি ধ্বংস হয়ে গেছে। উদ্ধার ও ত্রাণকার্য চলছে।

মালাক্কা প্রণালীতে একটি শক্তিশালী ঘূর্ণিঝড়ের ফলে এই বিপর্যয়। শ্রীলঙ্কা, থাইল্যান্ড, মালয়েশিয়া ও ভিয়েতনামেও প্রবল বর্ষণ চলছে। সুমাত্রায় ১২ লক্ষেরও বেশি মানুষ বাস্তুচ্যুত হয়েছে। রাষ্ট্রপতি প্রবোয়ো সুবিয়ান্তো বর্তমানে পরিস্থিতি স্থিতিশীল বলে জানিয়েছেন। বিভিন্ন জায়গা যেগুলি আগে যোগাযোগ করা যাচ্ছিল না, সেই জায়গাগুলিতে যোগাযোগ স্থাপন করা সম্ভব হয়েছে বলেও তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০০

ইসরায়েল জানিয়েছে, তাদের সামরিক অভিযানে গতকাল গাজা উপত্যকায় হামাসের সামরিক শাখার অস্ত্র উৎপাদন শাখার প্রধান রাদ সাদ নিহত হয়েছে।
ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু এবং প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাটজ এক যৌথ বিবৃতিতে সাদকে ৭ অক্টোবর, ২০২৩ সালে ইসরায়েলের উপর হামলার "একজন পরিকল্পনাকারী" হিসেবে বর্ণনা করেছেন, য়েই হামলা থেকে গাজায় যুদ্ধের সূত্রপাত করেছিল।

দক্ষিণ গাজায় জঙ্গি কার্যকলাপ ধ্বংস করার জন্য তাদের অভিযানের সময় দুজন সৈন্যও সামান্য আহত হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০

সুদানে রাষ্ট্রসংঘের শান্তিরক্ষা বাহিনীর ক্যাম্পে ড্রোন হামলার তীব্র নিন্দা করেছেন রাষ্ট্রসংঘের মহাসচিব অ্যান্টোনিও গুতেরেস। গতকাল সুদানের কাদুগলিতে এই হামলা চালানো হয়। হামলায় বাংলাদেশের শান্তিরক্ষা বাহিনীর ৬ সদস্যের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ৮ জন।

রাষ্ট্রসংঘের মহাসচিব এই ঘটনায় বাংলাদেশ সরকার ও মৃতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। এই হামলাকে যুদ্ধাপরাধ বলেও মন্তব্য করেন তিনি।

oooooooooooooooooo

মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রাউন বিশ্ববিদ্যালয়ে গতকাল রাতে এক গুলি চালনার ঘটনায় ২ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ৯ জন। মৃত ও আহতদের অধিকাংশই পড়ুয়া বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে। আততায়ীর খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ।

oooooooooooooooooo

থাইল্যান্ড ও কম্বোডিয়া যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে বলে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প দাবি করলেও, দুই দেশের মধ্যে সংঘর্ষ অব্যাহত রয়েছে। ট্রাম্প সম্প্রতি দাবি করেছেন, দুই দেশের নেতৃত্ব আবারও সংঘর্ষবিরতিতে সম্মত হয়েছেন। তবে থাইল্যান্ড জানিয়েছে, বিষয়টি নিয়ে এখনও কোনও সহমতে পৌছানো যায়নি। কম্বোডিয়াও মার্কিন রাষ্ট্রপতির দাবি নিয়ে এখনও কোনও প্রতিক্রিয়া জানায়নি। কাম্বোডিয়ার প্রতিরক্ষা মন্ত্রক দাবি করেছে, থাই যুদ্ধবিমান এখনও হামলা চালিয়ে যাচ্ছে।

ooooooooooooooooo

দুবাইয়ে ICC অ্যাকাডেমি মাঠে অনূর্ধ্ব ১৯ এশিয়া কাপে ভারত, পাকিস্তানের মুখোমুখি হয়েছে। পাকিস্তান টসে জিতে বল করার সিদ্ধান্ত নেয়। শেষ খবর পাওয়া পর্যন্ত ভারত ৩১ ওভার 8 বলে ৬ উইকেটে ১৭8 রান করেছে। বৃষ্টির কারণে ম্যাচ শুরু হতে দেরি হওয়ায় নির্ধারিত অভার কমিয়ে 8৯ ওভারের করা হয়েছে।

ooooooooooooooooo

ooooooooooooooooooooo